# ২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ-২০২৪)

## রপ্তানি উন্নয়ন ব্যুরো

**টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫**
**www.epb.gov.bd / Facebook: www.facebook.com/epb.gov.bd**

নথি নং-২৬.০২.০০০০.০৫৫.৫৩.০০৩.২৩.৯২২ — তারিখঃ ১৮/১০/২০২৩ খ্রিঃ।

## ২৮তম ডিআইটিএফ-২০২৪ এর প্যাভিলিয়ন/রেস্টুরেন্ট/স্টল এর স্পেস বরাদ্দের দরপত্র/আবেদনপত্র আহবান।

বাণিজ্য মন্ত্রণালয় ও রপ্তানি উন্নয়ন ব্যুরোর যৌথ উদ্যোগে পূর্বাচল নতুন শহর প্রকল্পের ০৪নং সেক্টরে নির্মিত “বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার” (বিবিসিএফইসি)-এ আগামী ১৫ জানুয়ারি, ২০২৪ তারিখ (সম্ভাব্য) হতে মাসব্যাপী ২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৪ অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় নিম্নবর্ণিত বিভিন্ন ক্যাটাগরির স্পেস বরাদ্দ পেতে আগ্রহী দেশি-বিদেশি, সরকারি ও বেসরকারি সংস্থা/ফার্ম, কোম্পানী ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের নিকট হতে আবেদনপত্র/দরপত্র আহবান করা যাচ্ছে।

**দরপত্র/আবেদনপত্র প্রাপ্তির স্থান/মাধ্যমঃ** রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রশাসন শাখা ও ডিআইটিএফ সচিবালয় থেকে দরপত্র/আবেদনপত্র সিডিউল সরাসরি সংগ্রহ করা যাবে অথবা ওয়েবসাইট www.epb.gov.bd এবং Facebook: www.facebook.com/epb.gov.bd হতে ফ্রি ডাউনলোড করা যাবে।

**(ক) প্যাভিলিয়ন/স্টল/রেস্টুরেন্টের শ্রেণী, প্রসেসিং ফি, রয়্যাল্টি/ভাড়ার হার (স্থানীয়):**

| ক্রঃ নং | প্যাভিলিয়ন, স্টল, রেস্টুরেন্টের ক্যাটাগরি/প্রকৃতি/নাম | সাইজ/আকার | আবেদনপত্র প্রসেসিং ফি (ভ্যাট-ট্যাক্সসহ) (টাকায়) অফেরতযোগ্য | ফ্লোর মূল্য (ভ্যাট-ট্যাক্স ব্যতীত) (সর্বনিম্ন) (টাকায়) |
|---|---|---|---|---|
| ১ | প্রিমিয়ার প্যাভিলিয়ন (PP) ক্যাটাগরি-A | (৬৫´ × ৩৬´) | টাঃ ২০,০০০/- | টাঃ ২২,০০,০০০/- |
| ২ | প্রিমিয়ার প্যাভিলিয়ন (PP) ক্যাটাগরি-B | (৫০´ × ৫০´) | টাঃ ২০,০০০/- | টাঃ ২১,০০,০০০/- |
| ৩ | প্রিমিয়ার প্যাভিলিয়ন (PP) ক্যাটাগরি-C | (৫৬´ × ৩৬´) | টাঃ ২০,০০০/- | টাঃ ২১,০০,০০০/- |
| ৪ | সাধারণ প্যাভিলিয়ন (GP) | (৩৬´ × ৩৬´) | টাঃ ২১,০০০/- | টাঃ ১৫,০০,০০০/- |
| ৫ | প্রিমিয়ার মিনি প্যাভিলিয়ন (PMP) | (৩৬´ × ১৭´) | টাঃ ১৪,০০০/- | টাঃ ১১,০০,০০০/- |
| ৬ | প্রিমিয়ার রেস্টুরেন্ট (PR) | (৫০´ × ৫০´) | টাঃ ১৬,০০০/- | টাঃ ১৭,০০,০০০/- |
| ৭ | প্রিমিয়ার মিনি রেস্টুরেন্ট (PMR) | (২০´ × ২০´) | টাঃ ১২,০০০/- | টাঃ ৬,৫০,০০০/- |
| ৮ | প্রিমিয়ার স্টল (PS) | (২০´ × ২০´) | টাঃ ৭,০০০/- | টাঃ ৪,৫০,০০০/- |
| ৯ | প্রিমিয়ার মিনি স্টল (PMS) | (২০´ × ১০´) | টাঃ ৭,০০০/- | টাঃ ৩,৩০,০০০/- |

**(খ) প্যাভিলিয়ন/স্টলের শ্রেণী, প্রসেসিং ফি, রয়্যাল্টি/ভাড়ার হার (বিদেশি):**

| ক্রঃ নং | প্যাভিলিয়ন, স্টল, রেস্টুরেন্টের ক্যাটাগরি/প্রকৃতি/নাম | সাইজ/আকার | আবেদনপত্র প্রসেসিং ফি (ভ্যাট ট্যাক্সসহ) (টাকায়/ডলারে) অফেরতযোগ্য | ভাড়া/রয়্যালটির ফ্লোর মূল্য (ভ্যাট-ট্যাক্স ব্যতীত) (টাকায়/ডলারে) (নির্দিষ্ট) |
|---|---|---|---|---|
| ১ | বিদেশি প্যাভিলিয়ন (FP) | (৩৬´ × ৩৬´) | মাঃ ডঃ ৪০০.০০ | মাঃ ডঃ ১৯,০০০.০০ |
| ২ | বিদেশি মিনি প্যাভিলিয়ন (FMP) | (৩৬´ × ১৭´) | মাঃ ডঃ ২৭০.০০ | মাঃ ডঃ ১০,০০০.০০ |
| ৩ | বিদেশি প্রিমিয়ার স্টল (FPS) | (২০´ × ২০´) | মাঃ ডঃ ১৩৫.০০ | মাঃ ডঃ ৭,০০০.০০ |

**(গ) প্যাভিলিয়ন/স্টলের শ্রেণী, প্রসেসিং ফি, রয়্যাল্টি/ভাড়ার হার (স্থানীয়):**

| ক্রঃ নং | প্যাভিলিয়ন, স্টল, রেস্টুরেন্টের ক্যাটাগরি/প্রকৃতি/নাম | সাইজ/আকার | আবেদনপত্র প্রসেসিং ফি (ভ্যাট-ট্যাক্সসহ) (টাকায়) অফেরতযোগ্য | ভাড়া/রয়্যালটির ফ্লোর মূল্য (ভ্যাট-ট্যাক্স ব্যতীত) (টাকায়) (নির্দিষ্ট) |
|---|---|---|---|---|
| ১ | সংরক্ষিত মিনি প্যাভিলিয়ন (RMP) | (৩৬´ × ১৭´) | টাঃ ১৪,০০০/- | টাঃ ১১,০০,০০০/- |
| ২ | সংরক্ষিত স্টল (RS) | (২০´ × ২০´) | টাঃ ৭,০০০/- | টাঃ ৪,৫০,০০০/- |
| ৩ | সাধারণ স্টল (GS) | (২০´ × ২০´) | টাঃ ৭,০০০/- | টাঃ ৪,০০,০০০/- |

**(ঘ) স্থানীয় আবেদনকারীগণকে আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র দাখিল/সংযুক্ত করতে হবেঃ**

ই-মেইল (ditf@epb.gov.bd)-এর মাধ্যমে আবেদনের ক্ষেত্রে সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি, প্রসেসিং ফি, নিরাপত্তা জামানত এর ডিপোজিট স্লিপ, হালনাগাদ ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয়পত্রের কপি, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, টিআইএন সম্বলিত ২০২২-২৩ কর বছরের আয়কর মামলা নিষ্পত্তির সনদপত্র, হালনাগাদ ব্যাংক সলভেন্সি সনদ, চেম্বার/এসোসিয়েশন সদস্য সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) প্রভৃতির স্ক্যান কপি সংযুক্ত করতে হবে। ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত হার্ডকপি আবেদনপত্রের ক্ষেত্রে উক্ত সকল প্রয়োজনীয় কাগজপত্রের কপি দরপত্র/আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্র বাছাই এর সময়ে সকল কাগজপত্রের মূল কপি দাখিল করতে হবে।

**(ঙ) নিরাপত্তা জামানতঃ**

স্থানীয় অংশগ্রহণকারী সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে আবেদনপত্রের/দরপত্রের সাথে সংশ্লিষ্ট উদ্ধৃত দর/নির্ধারিত ভাড়ার ২৫% (শতকরা পঁচিশ ভাগ) এর সমপরিমাণ অর্থ নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) হিসেবে “ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল” ("DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND") শিরোনামের হিসাবে নিম্নবর্ণিত ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে জমা করতে হবেঃ

➢ ব্যাংকের নাম: ব্র্যাক ব্যাংক লিঃ (যে কোন শাখা)
হিসাব নং-১৫০১১০২৪৮৫১০৩০০১

**(চ) বিদেশি আবেদনকারীদের যে সকল কাগজপত্র ও তথ্য-প্রমাণাদি আবেদনপত্রের সাথে দাখিল/সংযুক্ত করতে হবেঃ**

(১) বিদেশি আবেদনকারীগণকে অনলাইন পদ্ধতিতে আবেদন করতে হবে। যদি কোন কারণে অনলাইনে আবেদন করা সম্ভব না হয় তাহলে ডাউনলোডকৃত আবেদন ফরম পূরণপূর্বক সকল প্রয়োজনীয় কাগজপত্রের কপি সংযুক্ত করে ফ্যাক্স/কুরিয়ার সার্ভিস/ডাকযোগে আবেদন প্রেরণ করা যাবে। তবে, নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে;
(২) প্রত্যেক আবেদনকারীকে তাঁর আবেদনপত্রের সাথে আবেদনপত্র প্রসেসিং ফি, নিরাপত্তা জামানত জমা এর ডিপোজিট স্লিপসহ (Deposit Slip) সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস অথবা বাংলাদেশে অবস্থিত স্ব-স্ব দেশের দূতাবাসের সুপারিশসহ আবেদন করতে হবে;
(৩) প্রদর্শিতব্য পণ্য/দ্রব্যাদি প্রচলিত নিয়মে শুল্ক ও কর পরিশোধ করে আমদানী করা যাবে অথবা এ বিষয়ে শুল্ক ও কর কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য যে কোন ব্যবস্থা প্রযোজ্য হবে;
(৪) যে সকল দেশে বাংলাদেশ মিশন নেই অথবা ঢাকায় ঐ সব দেশের মিশন নেই, সে সব দেশের আবেদনকারীগণকে নিজ দেশের সরকার/চেম্বার/ট্রেড বডির মাধ্যমে আবেদন প্রেরণ/দাখিল করতে হবে;
(৫) প্যাভিলিয়ন/স্টলের জন্য নিরাপত্তা জামানত হিসেবে বরাদ্দ মূল্য/ভাড়ার ২৫% (মাঃ ডঃ) জমা করে প্রমাণপত্র/ডিপোজিট স্লিপ দাখিল করতে হবে;
(৬) বিদেশি প্রতিষ্ঠানকে নিরাপত্তা জামানতের অর্থ মার্কিন ডলারে নিম্নবর্ণিত ব্যাংক হিসাবে পরিশোধ করতে হবে:
ব্যাংকের নাম: প্রাইম ব্যাংক লিঃ, ৫৪, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।

- হিসাব নং-১১৩৫১১৩০০২০৪৩৭
- শিরোনামঃ **DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND**
  সুইফট কোড নং-**PRBLBDDH010**

**(ছ) সংরক্ষিত প্যাভিলিয়ন/স্টল বরাদ্দ সম্পকির্তঃ**

(১) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠান/তফসিলি ব্যাংক, ব্যবসায়ী সমিতি, বিদেশি প্রতিষ্ঠান, মহিলা উদ্যোক্তা প্রভৃতির অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য মেলায় কিছু সংখ্যক মিনি-প্যাভিলিয়ন ও স্টল সংরক্ষিত থাকবে। এ সকল সংরক্ষিত মিনি প্যাভিলিয়ন/স্টল এর জন্য উপরে উল্লিখিত সংস্থা/প্রতিষ্ঠান এর নিকট থেকে আবেদনপত্র দাখিল করা হলে তা পরীক্ষা-নিরীক্ষা করে তাদের অনুকূলে ফ্লোর মূল্যে বরাদ্দ করা হবে;

(২) বিদেশি প্রতিষ্ঠানের নিকট থেকে পর্যাপ্ত আবেদনপত্র পাওয়া না গেলে সংরক্ষিত মিনি প্যাভিলিয়ন/স্টল স্থানীয় আবেদনকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে বরাদ্দ করা হবে কিনা, সে বিষয়ে মেলা সচিবালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**(জ) সাধারণ শর্তাবলীঃ**

(১) ক্রমিক নং-“ক” এ বর্ণিত (PP ক্যাটাগরি-A,B,C), PMP, GP, PR, PMR, PS এবং PMS নিলামের মাধ্যমে প্রযোজ্য শর্তসমূহ পরিপালন সাপেক্ষে **সর্বোচ্চ দরদাতা** আবেদনকারী/প্রতিষ্ঠানসমূহের অনুকূলে বরাদ্দ করা হবে;
(২) আবেদনপত্র প্রাপ্তি এবং প্রযোজ্য শর্তসমূহ পরিপালন সাপেক্ষে মেলা মাঠের সাধারণ স্টল আবেদনকারী/প্রতিষ্ঠানসমূহের অনুকূলে লটারীর ভিত্তিতে বরাদ্দ করা হবে। তবে, সাধারণ স্টল বরাদ্দের ক্ষেত্রে Women Entrepreneurs, Small and Cottage Industries, Exporters, Manufacturers, Manufacturing Associations, Government/Autonomous Bodies, Chambers/Trade Associations, Banks এবং Assembler-দের অগ্রাধিকার দেয়া হবে;
(৩) মেলা মাঠের প্যাভিলিয়ন, মিনি প্যাভিলিয়ন, স্টল ও রেস্টুরেন্ট ইত্যাদির Location ম্যাপ নাম্বার ও সংখ্যা www.epb.gov.bd /Facebook: www.facebook.com/epb.gov.bd এবং ইপিবি’র মেলা সচিবালয়ে রক্ষিত মেলার মাস্টার প্ল্যানে পাওয়া যাবে;
(৪) দরপত্রে/আবেদনে অনুচ্ছেদ-**‘‘ক’’ ‘‘খ’’ এবং “গ”**এর ছকে উল্লিখিত নির্ধারিত সর্বনিম্ন ফ্লোর মূল্যের (Floor Rate) কমে দর উদ্ধৃত করা যাবে না;
(৫) ডিআইটিএফ এর দরপত্র/আবেদনপত্র কার্যক্রমে অংশগ্রহণ এবং বরাদ্দ বাবদ মেলা তহবিলে জমাযোগ্য সকল অর্থ জমা প্রদানের ক্ষেত্রে www.epb.gov.bd /Facebook: www.facebook.com/epb.gov.bd থেকে ডিপোজিট স্লিপের নির্ধারিত ফরম প্রিন্ট করে তা পূরণপূর্বক ব্র্যাক ব্যাংকের যে কোন শাখায় জমা করতে হবে। অন্যথায়, মেলা তহবিলে অর্থ জমার দাবী গ্রহণযোগ্য হিসেবে গণ্য হবে না;
(৬) মেলা তহবিলে অর্থ জমার সমর্থনে ব্যাংক থেকে প্রদত্ত/প্রাপ্ত ডিপোজিট স্লিপে আবেদনকারী/দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের নাম উল্লেখ না থাকলে উক্ত ডিপোজিট স্লিপ গ্রহণযোগ্য হিসেবে গণ্য হবে না;
(৭) উৎপাদনকারী প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন অংশগ্রহণকারী সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পণ্য গ্রুপের (Product Group) আওতা বহির্ভূত কোন পণ্য প্রদর্শন করতে দেয়া হবে না। এক্ষেত্রে মেলা কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বরাদ্দপত্রে নির্ধারিত ‘‘পণ্য গ্রুপ’’ চূড়ান্ত হিসেবে গণ্য হবে;
(৮) চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ তাদের অনুকূলে বরাদ্দকৃত স্টল/প্যাভিলিয়ন/রেস্টুরেন্ট অন্যের নিকট হস্তান্তর/অন্যকে Power of Attorney মূলে পরিচালনার জন্য ক্ষমতা অর্পণ করতে পারবে না। ব্যত্যয়ে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জামানতসহ সমুদয় জমাকৃত অর্থ বাজেয়াপ্ত এবং বরাদ্দপত্র বাতিল করা হবে;
(৯) দরপত্র/আবেদনপত্র দাখিলকারী কোন প্রতিষ্ঠান ইতোপূর্বে ডিআইটিএফ সংক্রান্ত কোন কাজে অভিযুক্ত হয়ে থাকলে অথবা ডিআইটিএফ এর কাজে অংশগ্রহণের জন্য ইতোপূর্বে অযোগ্য হয়ে থাকলে উক্ত প্রতিষ্ঠানের দরপত্র/আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;
(১০) বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানের জন্য বরাদ্দকৃত স্টল/প্যাভিলিয়ন/রেস্টুরেন্টে অথবা মেলায় প্রচারণায় অন্য কোন প্রতিষ্ঠানের নাম, ব্র্যান্ড, লোগো, প্রতীক ইত্যাদি ব্যবহার করতে পারবে না। এর ব্যত্যয় হলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

**(ঝ) আবেদনপত্র/দরপত্র সংগ্রহ, দাখিলের তারিখ, সময় ও স্থান :**

| ক্রমিক নং | স্টল, প্যাভিলিয়নের নাম/ক্যাটাগরি | দরপত্র/আবেদনপত্র দাখিলের স্থান/দপ্তর | দরপত্র/আবেদনপত্র দাখিলের সর্বোচ্চ সময়সীমা | বিশেষভাবে জ্ঞাতব্য |
|---|---|---|---|---|
| ১ | প্রিমিয়ার প্যাভিলিয়ন (PP) ক্যাটাগরী-(A, B & C), সাধারণ প্যাভিলিয়ন (GP), প্রিমিয়ার মিনি প্যাভিলিয়ন (PMP), প্রিমিয়ার রেস্টুরেন্ট (PR), প্রিমিয়ার মিনি রেস্টুরেন্ট (PMR), প্রিমিয়ার স্টল (PS), প্রিমিয়ার মিনি স্টল (PMS) | (১) সচিব, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা এর দপ্তর অথবা (২) বাণিজ্য মন্ত্রণালয় (ভবন-০৩, কক্ষ নং ১২৬ (ঘ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অথবা (৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ঢাকা এর দপ্তর (১ম ১২তলা সরকারি ভবন, কক্ষ নং ৩০৩, সেগুন বাগিচা, ঢাকা)। | ১৯-১০-২০২৩ তারিখ হতে ০৯-১১-২০২৩ তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত। | (১) এই ছকের ক্রমিক নং-১ এ উল্লিখিত সকল আইটেমের দাখিলকৃত দরপত্রসমূহ আগামী ০৯-১১-২০২৩ তারিখ দুপুর ০৩:০০ টায় রপ্তানি উন্নয়ন ব্যুরোর কনফারেন্স কক্ষে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। (২) আবেদনপত্র/দরপত্রের ফরম/শিডিউল ইপিবি এর ওয়েবসাইট থেকে ডাউনলোড করে অথবা এ ছকে উল্লিখিত দপ্তরসমূহ থেকে ১৯-১০-২০২৩ তারিখ হতে সরাসরিভাবে সংগ্রহ করা যাবে। (৩) পূরণকৃত আবেদনপত্র/দরপত্র সরাসরিভাবে, ই-মেইল ditf@epb.gov.bd অথবা ডাক/কুরিয়ার সার্ভিস যোগে দাখিল করা যাবে। তবে, নির্ধারিত তারিখ ও সময়ের পরে ডাক/কুরিয়ার যোগে প্রাপ্ত আবেদনপত্র/দরপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে। |
| ২ | বিদেশি প্যাভিলিয়ন (FP), বিদেশি মিনি প্যাভিলিয়ন (FMP), বিদেশি প্রিমিয়ার স্টল (FPS), সংরক্ষিত মিনি প্যাভিলিয়ন (RMP), সংরক্ষিত স্টল (RS), সাধারন স্টল (GS) | (ক) অর্থ শাখা অথবা সচিবের দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা অথবা (খ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ঢাকা এর দপ্তর (১ম ১২তলা সরকারি ভবন, কক্ষ নং ৩০৩, সেগুন বাগিচা, ঢাকা)। | ১৯-১০-২০২৩ তারিখ হতে ০৯-১১-২০২৩ তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত। | |

**(ঞ) অন্যান্য শর্তাবলী (স্থানীয় ও বিদেশি অংশগ্রহণকারীদের ক্ষেত্রে প্রযোজ্য):**

(১) বরাদ্দ প্রাপ্ত স্থানীয় এবং বিদেশি অংশগ্রহণকারী সংস্থা/প্রতিষ্ঠানসমূহ কর্তৃক মেলায় অংশগ্রহণের জন্য মেলা তহবিলে জমাকৃত জামানতের অর্থ দরপত্র/আবেদন ফরম/শিডিউল, বরাদ্দপত্র এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী যথাযথভাবে পরিপালন সাপেক্ষে মেলা সমাপ্ত হওয়ার পর ফেরত দেয়া হবে। তবে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা ব্যক্তিকে জামানতের অর্থ ফেরত পাওয়ার জন্য দরপত্র শিডিউলে/আবেদনপত্রের ফরমে উল্লিখিত সময়ের মধ্যে লিখিতভাবে আবেদন করতে হবে। অন্যথায়, জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত হবে;
(২) যে সকল আবেদনকারী/দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠান মেলার স্টল/প্যাভিলিয়ন/রেস্টুরেন্টের বরাদ্দ প্রাপ্তির জন্য নির্বাচিত হবে না তাদের নিরাপত্তা জামানত আবেদন প্রাপ্তি সাপেক্ষে মেলা সমাপ্ত হওয়ার পর ফেরত দেওয়া হবে;
(৩) ডিআইটিএফ এর স্টল, প্যাভিলিয়ন অথবা অন্য কোন কাজ বরাদ্দের জন্য নির্বাচিত কোন প্রতিষ্ঠান বরাদ্দপ্রাপ্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে ব্যর্থ হলে অথবা সম্পাদন করতে অপারগতা প্রকাশ করলে অথবা সম্পাদন না করলে অথবা দরপত্র বিজ্ঞপ্তি/শিডিউল/কার্যাদেশ/বরাদ্দপত্রে উল্লিখিত কোন শর্ত ভংগ করলে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল হবে এবং রয়্যালটি, ভাড়া, ভ্যাট, আয়কর প্রভৃতি বাবদ মেলা তহবিলে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে;
(৪) মেলার স্টল, প্যাভিলিয়নসহ অন্যান্য কাজের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত বা প্রাথমিকভাবে বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তি/প্রাথমিক কার্যাদেশ/প্রাথমিক বরাদ্দপত্রের শর্ত মোতাবেক প্রযোজ্য সম্পূর্ণ অর্থ মেলা তহবিলে জমা না করলে তাদের অনুকূলে সংশ্লিষ্ট কাজের চূড়ান্ত কার্যাদেশ বা চূড়ান্ত বরাদ্দপত্র দেয়া হবে না। এ ক্ষেত্রে তাদের নামে ইস্যুকৃত প্রাথমিক কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল করে মেলা তহবিলে তাদের জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
(৫) মনোনীত/বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানকে তাদের বরাদ্দ মূল্য ছাড়াও ভ্যাট বাবদ উক্ত বরাদ্দ মূল্যের ১৫% ও আয়কর বাবদ ১০% অর্থ চূড়ান্ত কার্যাদেশ প্রাপ্তির পূর্বে মেলা তহবিলে জমা করতে হবে;
(৬) স্থানীয় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক বিদেশি পণ্য আমদানীর বৈধ কাগজপত্র প্রদর্শন অথবা বাংলাদেশে অবস্থিত সংশ্লিষ্ট দেশের দূতাবাস কর্তৃক প্রত্যয়ন সাপেক্ষে আমদানীকৃত বিদেশি পণ্য প্রদর্শন ও বিক্রয় করা যাবে;
(৭) প্রিমিয়ার রেস্টুরেন্ট ও প্রিমিয়ার মিনি রেস্টুরেন্ট বরাদ্দের জন্য আবেদনকারীগণকে অনুচ্ছেদ **“ঘ”** এ বর্ণিত কাগজপত্র ছাড়াও রেস্টুরেন্ট ব্যবসার লাইসেন্স দাখিল করতে হবে;
(৮) রেস্টুরেন্ট/ফুড স্টলে মেলা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত তালিকা মোতাবেক খাবার রান্না এবং মেলা কর্তৃপক্ষ অনুমোদিত নির্ধারিত মূল্যে বিক্রয় করতে হবে। একইসাথে মেলা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত খাদ্য ও মূল্য তালিকা অনুসরণ করা হবে মর্মে অঙ্গীকারপত্র দাখিল করতে হবে;
(৯) অনলাইনে আবেদনের ক্ষেত্রে ছবি স্ক্যান করে সংযুক্ত করতে হবে;
(১০) কোন আবেদনকারী একাধিক প্যাভিলিয়ন/মিনি-প্যাভিলিয়ন/স্টলের জন্য আবেদন করলেও মেলা কর্তৃপক্ষ একটির বেশী বরাদ্দ না করার ক্ষমতা সংরক্ষণ করে;
(১১) মেলা প্রাঙ্গণে বিদেশি প্রতিষ্ঠানের নামে বরাদ্দকৃত স্টল, প্যাভিলিয়নে বা মেলা প্রাঙ্গণের বিদেশি ক্যাটাগরির স্টল, প্যাভিলিয়নে বাংলাদেশে প্রস্তুত বা তৈরীকৃত কোন পণ্য/মালামাল প্রদর্শন বা বিক্রয় করা যাবে না;
১২) মেলায় অবৈধ/অননুমোদিত/ক্ষতিকারক কোন পণ্য বা মালামাল প্রদর্শন অথবা বিক্রয় করা যাবে না;
(১৩) পূর্ববর্তী মেলা বা মেলাসমূহে অংশগ্রহণকারী কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট মেলা কর্তৃপক্ষ কোন অর্থ পাওনা থাকলে উক্ত প্রতিষ্ঠান/ব্যক্তি অথবা উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী অথবা তাঁর মালিকানাধীন সকল প্রতিষ্ঠান ডিআইটিএফ-২০২৪ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না এবং এরূপ প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহের নামে মেলার কোন প্যাভিলিয়ন/স্টল/রেস্টুরেন্ট বরাদ্দ করা হবে না;
(১৪) মেলায় শুধু দরপত্র/আবেদনপত্রে উল্লিখিত পণ্য সামগ্রী প্রদর্শন ও বিক্রয় করা যাবে;
(১৫) দরপত্র/আবেদনপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্র, তথ্য-বিবরণী ভুয়া প্রমাণিত হলে আবেদন এবং বরাদ্দপত্র বাতিলপূর্বক নিরাপত্তা জামানতের অর্থ বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
(১৬) মেলা প্রাঙ্গণের ফুড স্টল এবং রেস্টুরেন্ট ব্যতীত মেলার অন্য কোন ক্যাটাগরির স্টল, প্যাভিলিয়নে বা স্থানে রান্না করা খাবার বিক্রয় করা যাবে না। তবে, মেলা কর্তৃপক্ষ যুক্তিযুক্ত ও প্রয়োজন মনে করলে কোন প্রতিষ্ঠানের আবেদনের ভিত্তিতে মেলা প্রাঙ্গণের ফুড স্টল অথবা রেস্টুরেন্ট ব্যতীত অন্য কোন স্টল, প্যাভিলিয়নে খাবার বিক্রয় করার অনুমতি দিতে পারবে। এ বিষয়ে মেলা কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;
(১৭) মেলা প্রাঙ্গণের বরাদ্দপ্রাপ্ত ফুড স্টল বা রেস্টুরেন্টে খাবার ব্যতীত অন্য কোন মালামাল কোনভাবেই বিক্রয় করা যাবে না;
(১৮) বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের মধ্যে থেকে শ্রেষ্ঠ প্যাভিলিয়ন/স্টল নির্বাচনপূর্বক পুরস্কৃত করা হবে। এ বিষয়ে মেলা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
(১৯) ডিআইটিএফ-২০২৪ এর নির্ধারিত সময়ের পর মেলার মেয়াদকাল বৃদ্ধি করা হলে স্টল/প্যাভিলিয়ন/রেস্টুরেন্ট বরাদ্দের জন্য মনোনীত প্রতিষ্ঠান বর্ধিত দিনের জন্য সকল প্রকার করসহ আনুপাতিক হারে অতিরিক্ত মূল্য পরিশোধ করতে বাধ্য থাকবে;
(২০) এক্সিবিশনে হলের ভিতরে মেলা কর্তৃপক্ষ কর্তৃক সেলস্কিম (Shell scheme) বুথ নির্মাণ করা হবে। বুথের অভ্যন্তরে বরাদ্দপ্রাপ্তগণ পছন্দসই ডিজাইনে স্টল/প্যাভিলিয়ন সজ্জিত করতে পারবেন, তবে কোনক্রমেই মেঝে খোড়াখুঁড়ি করা যাবে না এবং মেঝে ক্ষতিগ্রস্থ করা যাবে না;
(২১) মেলা সচিবালয় কর্তৃক নির্ধারিত উচ্চতার অধিক উচ্চতায় কোন স্থাপনা নির্মাণ করা যাবে না;
(২২) অসম্পূর্ণ দরপত্র বা আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। মেলা কর্তৃপক্ষ যে কোন আবেদন বা সকল আবেদন গ্রহণ বা বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন;
**(২৩) মেলা কর্তৃপক্ষ যে কোন সময় মেলার তারিখ ও সময় পরিবর্তন করতে পারবেন;**
**(২৪) মেলা কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন পরিস্থিতিতে এ বিজ্ঞপ্তি/টেন্ডার প্রক্রিয়া বাতিল করার পূর্ণ ক্ষমতা রাখেন।**

**সচিব (উপসচিব)**
রপ্তানি উন্নয়ন ব্যুরো
ও
পরিচালক
২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৪ সচিবালয়

টিসিবি ভবন (৫ম তলা), ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫
ফোন নং ০২-৫৫০১৩৪২০, পিএবিএক্স: ০২-৯১৪৪৮২২-২৪, ৮১৮০০৮৪, ৮১৮০০৮৭, ৮১৮০০৯০ এক্সটেনশন নং-১১৪, ফ্যাক্স নং ৮৮০-২-৫৫০১৪০২৪
www.epb.gov.bd / E-mail: secy@epb.gov.bd/ Facebook: www.facebook.com/epb.gov.bd